



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/এসএসসি/২০২৬/ ১৪৩২

তারিখ: ৩১ মার্চ ২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে মতবিনিময় সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ০৭/০৪/২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ টায় বরিশাল শিল্পকলা একাডেমিতে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন কেন্দ্র সচিবদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. আ. ন. ম. এহছানুল হক মিলন উপস্থিত থাকবেন। অনুষ্ঠিতব্য মতবিনিময় সভায় ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সকল কেন্দ্র সচিবকে (প্রতিনিধি গ্রহণযোগ্য নয়) যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সভায় উপস্থিত থাকা বাধ্যতামূলক।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১.০৩.২০২৬

প্রফেসর জি, এম, শহীদুল ইসলাম-৭০৪৯

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২৪৭৮৮৩৪৩৭০

ই-মেইল: barisalboard@gmail.com

কেন্দ্র সচিব

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষাকেন্দ্র-২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। পুলিশ সুপার, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। জেলা শিক্ষা অফিসার, বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
- ৭। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ৮। সংরক্ষণ